আত্মনির্ভর বাংলাদেশ গড়তে কাজ করছে সরকার: রিজভী



রুহুল কবির রিজভী। ছবি: সংগৃহীত

বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব ও প্রধানমন্ত্রীর রাজনৈতিক বিষয়ক উপদেষ্টা অ্যাডভোকেট রুহুল কবির রিজভী বলেছেন, নির্বাচনের আগে জনগণের কাছে দেওয়া অঙ্গীকার বাস্তবায়নে সরকার ধারাবাহিকভাবে কাজ করে যাচ্ছে।

রোববার (১০ মে) রাজধানীর ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং ইনস্টিটিউট মিলনায়তনে অনুষ্ঠিত আইডিইবি'র ৪৫তম সম্মেলনে বক্তব্য দিতে গিয়ে তিনি এসব কথা বলেন।

রিজভীর ভাষ্য, দীর্ঘ আন্দোলন ও নানা প্রতিকূলতার পথ পেরিয়ে জনগণের ভোটে বর্তমান সরকার দায়িত্ব পেয়েছে। ফলে জনগণের প্রত্যাশা পূরণ এবং জবাবদিহিতার মধ্য দিয়েই সরকার পরিচালিত হচ্ছে।

তিনি আরও বলেন, নির্বাচনের আগে ঘোষিত বিএনপির ৩১ দফা ও বিভিন্ন প্রতিশ্রুতির বাস্তবায়নে সরকার কাজ শুরু করেছে। কৃষিঋণ মওকুফ, ফার্মার্স কার্ড, ফ্যামিলি কার্ড এবং খাল পুনঃখননের মতো উদ্যোগগুলোর কথা তুলে ধরে তিনি বলেন, এগুলো কেবল রাজনৈতিক বক্তব্য নয়, বাস্তব পদক্ষেপ হিসেবেই এগিয়ে নেওয়া হচ্ছে।

ডিপ্লোমা ইঞ্জিনিয়ারদের অবদানের কথা উল্লেখ করে রিজভী বলেন, দেশের অবকাঠামো ও উন্নয়নে তাদের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। তাদের যৌক্তিক দাবিগুলো সরকার গুরুত্বের সঙ্গে বিবেচনা করবে বলেও আশ্বাস দেন তিনি।

তিনি জানান, প্রধানমন্ত্রী তারেক রহমান নিয়মিত বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের সঙ্গে মতবিনিময় করছেন এবং সবার মতামতকে গুরুত্ব দিচ্ছেন। আত্মনির্ভরশীল ও সমৃদ্ধ বাংলাদেশ গড়তে সরকার পরিকল্পিতভাবে এগিয়ে যাচ্ছে বলেও মন্তব্য করেন তিনি।

দেশের প্রাকৃতিক সম্পদ, নদী-খাল ও কৃষিভিত্তিক সম্ভাবনাকে কাজে লাগাতে পারলে বাংলাদেশ আরও এগিয়ে যাবে উল্লেখ করে রিজভী বলেন, তারেক রহমানের নেতৃত্বে উন্নয়ন ও সমৃদ্ধির নতুন ধারা তৈরি হবে বলে তারা আশাবাদী।